

**Dr. Bimalendu Biswas**  
M.Com., DIT A, MBA, Ph.D  
Controller of Examinations



**University Of Kalyani**



Kalyani 741 235 West Bengal  
9748048314/6290500422(M)  
Email: controllerofexaminationsku@gmail.com  
**Date: 03.04.2023**

**Ref. No. CoE/ABC-ID/2/U.G/2023**

## **Notification**

Academic Bank of Credits (ABC) is the initiative of Ministry of Electronics and Information Technology (MeitY) and Ministry of Education (MoE).

As per National Education Policy 2020, the Academic Bank of Credits (ABC) has been envisaged to facilitate the academic mobility of students with the freedom to study across the Higher Education Institutions in the country with an appropriate "credit transfer" mechanism from one programme to another, leading to attain a Degree/ Diploma/PG-diploma, etc.

Therefore all students of this University are hereby directed to register themselves on Academic Bank of Credits (ABC) through the website [www.abc.gov.in](http://www.abc.gov.in). After successful registration, all students should provide print out of their ABC ID to the Office of their concerned Colleges by **12.05.2023**. **It is mandatory to have ABC ID for all future correspondences from either side of students and University.**

The procedure to register on Academic Bank of Credits (ABC) is as follows:

1. Visit [www.abc.gov.in](http://www.abc.gov.in)
2. Click My Account>Student
3. If you already have a digilocker account, sign in.
4. For new user, click "Sign Up for Meri Pehchaan".
5. Enter mobile number, and click "Generate OTP". Submit the OTP and click on Verify.
6. Fill all necessary details and then click on Verify.
7. You will get your ABC ID.
8. Note down your ABC ID for future reference.

Sd/-

Controller of Examinations

Copy forwarded to :

1. The Hon'ble Vice Chancellor, K.U.- for kind information only.
2. The Hon'ble Pro-Vice Chancellor, K.U.- for kind information only.
3. The Registrar, K.U.
4. The Finance Officer, K.U.
5. The Deans, K.U.
6. The Principals / TICs / OICs of all affiliated Under Graduate Colleges, K.U. ( Request for taking initiatives regarding this)
7. The System In-charge, K.U. - for wide circulation in the University website

**Controller of Examinations**

**Controller of Examinations**  
**University of Kalyani**  
**Kalyani, West Bengal, India**

# ‘এবিসি’ পরিচয়পত্র পেতে রেজিস্ট্রেশন

নিজস্ব সংবাদদাতা

## কল্যাণী

জাতীয় শিক্ষানীতির অংশ হিসাবে কল্যাণী বিশ্ববিদ্যালয়ের পড়ুয়াদের অ্যাকাডেমিক ব্যাঙ্ক অব ক্রেডিট (এবিসি) পরিচয়পত্র শুরু হতে যাচ্ছে। ইতিমধ্যে বিশ্ববিদ্যালয়ের অধীনে আইন কলেজ, প্যারা মেডিক্যাল কলেজ ও সাধারণ ডিগ্রি কলেজ-সহ মোট ৬৪ কলেজে ই-মেল পাঠানো হয়েছে। পড়ুয়াদের এই রেজিস্ট্রেশন করার জন্য। এ ছাড়া বিশ্ববিদ্যালয়ের স্নাতকোত্তর স্তরের বিভিন্ন বিভাগের বিভাগীয় প্রধানকেও ই-মেল পাঠানো হয়েছে।

স্নাতক স্তরের পড়ুয়াদের ক্ষেত্রে আগামী ১২ মে ও স্নাতকোত্তর পড়ুয়াদের ক্ষেত্রে আগামী ২৮ মে-র মধ্যে ওই রেজিস্ট্রেশন করতে হবে।

কী এই এবিসি পরিচয়পত্র? কী কী সুবিধা পাবেন পড়ুয়ারা? কী ভাবেই বা পড়ুয়া এই পরিচয়পত্র করবেন?

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গিয়েছে, এই এবিসি রেজিস্ট্রেশনের মাধ্যমে পড়ুয়াদের একটা ইউনিক নম্বর তৈরি হবে। এই নম্বর দিয়েই এক জন পড়ুয়ার শিক্ষা সংক্রান্ত সব বিষয় দেশে-বিদেশের যে কোনও শিক্ষা প্রতিষ্ঠান জানতে পারবে। কত সালে কোন পরীক্ষা কোন প্রতিষ্ঠান থেকে পাশ করেছেন, কত শতাংশ নম্বর পেয়েছেন সমস্ত বিষয়টা এই ইউনিক নম্বরের মাধ্যমে জানা যাবে।

বিশ্ববিদ্যালয়ের আধিকারিকেরা বলছেন, অন্য সুবিধাও পড়ুয়ারা পাবেন। যেমন ধরা যাক, কোনও পড়ুয়া পশ্চিমবঙ্গ রাষ্ট্রীয় বিশ্ববিদ্যালয় থেকে একটা

সিমেস্টার পাশ করলেন। পরের সিমেস্টার কল্যাণী বিশ্ববিদ্যালয়ে পড়তে এলেন। সে ক্ষেত্রে পড়ুয়ার ওই ইউনিক নম্বর দিয়ে জানা যাবে ওই বিশ্ববিদ্যালয়ে ওই সিমেস্টারের তাঁর কত নম্বর, ক্রেডিট ছিল। ফলে সহজেই কল্যাণী বিশ্ববিদ্যালয়ে ভর্তি হতে পারবেন।

আবার বিদেশে কেউ চাকরি করতে গেলে এই নম্বরের মাধ্যমে তাঁর সমস্ত কিছু সংশ্লিষ্ট কর্তৃপক্ষ জেনে নিতে পারবেন। আলাদা করে আর বিশ্ববিদ্যালয়ের চিঠি করে তথ্য যাচাই করতে হবে না। আগামী দিনে বিশ্ববিদ্যালয়ে পরীক্ষার ফর্ম পূরণ করার সময় এই ইউনিক নম্বরের জন্য আলাদা ঘর থাকবে। সেখানে পরীক্ষার্থীদের ওই নম্বর দিতে হবে। এই নম্বরই পরীক্ষার্থীদের অ্যাডমিট কার্ড, মার্কশিটে ওই নম্বর থাকবে। উপাচার্য মানসকুমার সান্যাল বলেন, “এই বিষয়ে আমাদের পুরোদমে কাজ শুরু হয়ে গিয়েছে। ইউজিসি থেকে একজন প্রতিনিধি এসে এই বিষয়ে কলেজের প্রতিনিধি ও পড়ুয়াদের নিয়ে একটি কর্মশালাও করবেন।”

পড়ুয়ারা নিজেদের ফোনের মাধ্যমেই ওই রেজিস্ট্রেশন করতে পারবেন। কেন্দ্রীয় সরকারের পোর্টাল [www.abc.gov.in](http://www.abc.gov.in) গিয়ে [my account>student](#) গিয়ে নির্দিষ্ট কয়েকটি ধাপের মাধ্যমে শিক্ষা সংক্রান্ত সমস্ত নথিপত্র আপলোড করে এই নম্বর তৈরি করা যাবে। বিশ্ববিদ্যালয়ে পরীক্ষাসমূহের নিয়ামক বিমলেন্দু বিশ্বাস বলেন, “এটা নতুন জাতীয় শিক্ষানীতির একটা অংশ। এটা বাধ্যতামূলক। শিক্ষকেরা পড়ুয়াদের এই ইউনিক নম্বরের শুরুত্ব বোঝাবেন।”